

PRINT

# সমকাল

## এইচএসসি পরীক্ষা লোহাগড়ায় কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়ায় এসআইকে মারধর

১০ ঘণ্টা আগে

### লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি

নড়াইলের লোহাগড়ায় এইচএসসি পরীক্ষা চলাকালে কেন্দ্রে প্রবেশ করতে চাইলে তাকে বাধা দিলে সে পুলিশের এসআইকে মারধর করে আহত করে বলে অভিযোগ পাওয়া গেছে। এ সময় ওই ব্যক্তিকে পুলিশ আটক করেছে। গতকাল সোমবার লোহাগড়া সরকারি কলেজে এইচএসসি পরীক্ষা কেন্দ্রে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তির নাম গোলাম রসুল শেখ জনি (২৫)। তিনি চট্টগ্রামের নৌবাহিনীর রেডিও অপারেটর জেনারেল পদে কর্মরত এবং লোহাগড়া পৌর এলাকার পারছাতড়া গ্রামের আজিবর শেখের ছেলে।

আটক নৌবাহিনীর সদস্য গোলাম রসুল শেখ জনির ছোট বোন লোহাগড়া সরকারি কলেজ পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিচ্ছিল। পরীক্ষা শেষ হওয়ার আগেই গোলাম রসুল কেন্দ্রের মধ্যে বেআইনিভাবে প্রবেশ করতে যায়। এ সময় দায়িত্বরত লোহাগড়া থানার এসআই শাফায়েত তাকে বাধা দিলে উভয়ের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে নৌবাহিনী সদস্য ও তার বন্ধু রমজান ওই এসআইকে কিল-ঘুষি-লাথি মেরে আহত করে। এ সময় উপস্থিত জনতা ও অন্য পুলিশ সদস্যরা জনিকে আটক করে লোহাগড়া থানায় নিয়ে যায়।

এ ব্যাপারে আটক নৌবাহিনীর সদস্য জনি বলেন, 'পরীক্ষা শেষে কেন্দ্রের ভেতরে প্রবেশ করতে গেলে পিএসআই শাফায়েত আমাকে বাধা দিলে কথা কাটাকাটি হয়। এ পর্যায়ে পুলিশ আমাকে আটক করে থানায় নিয়ে যায়।' লোহাগড়া সরকারি কলেজের অধ্যক্ষ মো. মহব্বত আলী এ ঘটনার সত্যতা স্বীকার করেন। লোহাগড়া থানার ওসি প্রবীর কুমার বিশ্বাস জানান, পরীক্ষা কেন্দ্রে পুলিশ কর্মকর্তার কাজে বাধা দেওয়ায় গোলাম রসুল শেখ জনি নামে এক নৌবাহিনীর সদস্য আটক আছেন। তাকে নৌবাহিনী কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:  
ad.samakalonline@outlook.com